2 FEB 203

দৈনিক ইত্তেফাক

পৃষ্ঠা ১৫ কলাম ৫

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সেই অভিযুক্ত শিক্ষক লাঞ্ছিত হলেন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আরবী ও ইসলামিক স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক এসএম রফিকুল আলমকে গতকাল শনিবার একই বিভাগের একদল ছাত্র লাঞ্ছিত করেছে। ছাত্ররা তাকে ধাক্কা দেয় এবং শার্টের কলার টেনে ছিঁড়ে ফেলে। এ ঘটনার পর রফিকুল আলম ভিসির কাছে লিখিত অভিযোগ করেন।

জানা যায়, প্রায় এক বছর আগে একই বিভাগের এক ছাত্রীর শ্লীলতাহানির কথিত ঘটনায় অভিযুক্ত শিক্ষক এসএম. রফিকুল আলমকে এক বছরের জন্য বিভাগ থেকে বাধ্যতামূলকভাবে ছুটি দেয়া হয়। গতকাল শনিবার উক্ত শিক্ষক ছুটি শেষে বিভাগে গিয়েছিলেন কাজে যোগ দিতে।